



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-০৮/কনি-০১/২০২৫

তারিখ: ২৫/০৬/২০২৬ইং

বিষয় : ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে নিবন্ধন প্রক্রিয়া হতে বাদপড়া শিক্ষার্থীদের নিবন্ধন করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে নিবন্ধন প্রক্রিয়া হতে বাদপড়া শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম আগামী ২৯/০৩/২০২৬ তারিখ থেকে ১১/০৪/২০২৬ইং তারিখ পর্যন্ত চলবে। রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি ওয়েবসাইট (WWW.rajshahiboard.gov.bd) অথবা, www.rajshahieducationboard.gov.bd-এ লিংকে বাদপড়া শিক্ষার্থীদের নির্ধারিত ফি পরিশোধপূর্বক নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা যাবে। আগামী ১১/০৪/২০২৬ইং তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে বাদপড়া শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে সমুদয় কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ অনলাইনে বাদপড়া শিক্ষার্থীদের নিবন্ধন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ধৃত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। ম্যানুয়াল প্রক্রিয়ায় কোন শিক্ষার্থীর নিবন্ধন কার্যক্রম করার কোন সুযোগ নেই। পরবর্তীতে নিবন্ধনের কোন সুযোগ প্রদান করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোঃ মাহবুব হাসান-৯৫২২
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
ফোন নম্বর-০২৫৮৮৮৫৫৯৬৩

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী (অনলাইন প্রক্রিয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৩। অফিস নথি